



ISO-9001:2015 Certified

“শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ ”
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১
DHAKA PALLI BIDYUT SAMITY-1

সদর দপ্তর
পলাশবাড়ী, সাভার, ঢাকা।
টেলিফোন: ৭৭৯১৬১০
E-Mail: dhakapbs01@gmail.com

স্মারক নং- ২৭.১২.২৬৭২.৫১৬.৪৩.১০০.১৮- ৪০১৬

তারিখঃ ১৪/০৮/২০১৮ খ্রিঃ।

“পুনঃ নিলাম বিজ্ঞপ্তি ”

নিম্নের বর্ণনা অনুযায়ী ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কমন সার্ভিস স্টোরের কনডেম ঘোষিত কম্পিউটার, কম্পিউটার এক্সেসরিজ ও ফটোকপি মেশিন “যেখানে যে অবস্থায় আছে” সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট থেকে সাদা কাগজে/ নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ নাম-ঠিকানা, স্বাক্ষর ও সীলমোহরকৃত খামে পুনঃ নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।


ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	সর্বনিম্ন একক মূল্য (টাকা)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	কম্পিউটার, Pentium-IV (মনিটর, সিপিইউ, ইউপিএস, কি-বোর্ড ও মাউসসহ)	১১ টি	৩০০.০০		
০২	কম্পিউটার, Pentium-D (মনিটর, সিপিইউ, ইউপিএস, কি-বোর্ড ও মাউসসহ)	০২ টি	৩০০.০০		
০৩	কম্পিউটার, Core 2 Duo (মনিটর, সিপিইউ, ইউপিএস, কি-বোর্ড ও মাউসসহ)	১৫ টি	২৫০০.০০		
০৪	লেজার প্রিন্টার, HP LaserJet 2015d	০১টি	১০০.০০		
০৫	লেজার প্রিন্টার, HP LaserJet 2055d	০৪টি	১০০.০০		
০৬	লেজার প্রিন্টার, HP LaserJet 1005	০২টি	৫০.০০		
০৭	লেজার প্রিন্টার Lexmark E206	০১টি	১০০.০০		
০৮	লেজার প্রিন্টার Canon 3150	০১ টি	১০০.০০		
০৯	লেজার প্রিন্টার Canon 6000	০৪টি	৫০.০০		
১০	UPS, 2000VA, Power Guard	০২টি	২০০.০০		
১১	UPS, 1200VA, General Power	০৩টি	১০০.০০		
১২	UPS, 600VA	১৩ টি	৫০.০০		
১৩	ডট প্রিন্টার, Epson LQ-2180/2190	০৯টি	১৫০.০০		
১৪	ডট প্রিন্টার, হেভী ডিউটি, Epson DEX9000	০১ টি	৩০০.০০		
১৫	ফটোকপি মেশিন, WL714	০১ টি	৪০০.০০		
১৬	ফটোকপি মেশিন, e-Studio--243	০১ টি	২০০০.০০		
১৭	ক্যামেরা, EZSZOOM-70	০১ টি	১০.০০		
১৮	ক্যামেরা, Sony DSL-W520 Digital	০১ টি	৫০০.০০		
১৯	স্ক্যানার, LIDE-110	০১ টি	৫০.০০		
২০	সার্ভার, HP ML-350 G6	০১ টি	৭০০০.০০		

শর্তাবলী:-

- ০১। আগ্রহী দরদাতাগণ দরপত্রসমূহ সীলমোহরকৃত খামে আগামী ০৪/০৯/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ১২-০০ ঘটিকার মধ্যে নিজস্ব লেটার হেড প্যাডে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরের প্রশাসন বিভাগে রক্ষিত টেন্ডার বাঞ্চে অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাঞ্চে দরপত্র দাখিল করতে পারবেন। দাখিলকৃত দরপত্রসমূহ একই দিন দুপুর ১২.৩০ ঘটিকায় দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরের প্রশাসন বিভাগে এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাকযোগে এবং নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।

চলমান পাতা#২

- ০২। নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “ নিলাম দরপত্র” কথাটি অবশ্যই লিখতে হবে।
- ০৩। উপরে বর্ণিত কোন আইটেমের মালামালের আলাদা দরপত্র গ্রহণযোগ্য হবে না। সমস্ত আইটেমের মালামালের একত্রে দরপত্র দাখিল করতে হবে।
- ০৪। মালামাল নিলামে ক্রয়ের জন্য উদ্ধৃত দরের ২৫% আর্নেস্টম্যানি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। কৃতকার্য দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৫। সরকারী নিয়মানুযায়ী কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত মোট দরের সাথে ভ্যাট ও উৎসে আয়কর পরিশোধ করতে হবে।
- ০৬। নিলামযোগ্য মালামালসমূহ প্রতিদিন অফিস চলাকালিন সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে। অন্যথায় মালামাল গ্রহণের সময় কোন ওজর/আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৭। দাখিলকৃত দর বিজ্ঞপ্তিতে উল্লিখিত সর্বনিম্ন দর অপেক্ষা কম হলে দর গ্রহণ করা হবে না।
- ০৮। দরপত্রে কোন কাটা-ছেঁড়া/ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।
- ০৯। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০। উক্ত নিলাম দরপত্রে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।




(মফিদা খাতুন)

জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)।

অনুলিপিঃ (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, ঢাকা জোন (উত্তর), সাভার, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর।
- ০৪। পুলিশ সুপার, ঢাকা/গাজীপুর।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার, ঢাকা/কালিয়াকৈর, গাজীপুর।
- ০৭। ডিজিএম(সদর দপ্তর-কারিগরী)/কালিয়াকৈর/চন্দ্রা/আশুলিয়া/জামগড়া/শ্রীপুর/মৌচাক জোনাল অফিস, ঢাকা পবিস-১।
- ০৮। এজিএম, অর্থ(হিসাব), ঢাকা পবিস-১।
- ০৯। মেসার্স -----।
- ১০। নোটিশ বোর্ড, ঢাকা পবিস-১।



জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)।